# ফেব্রুয়ারী ২০২৩ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আক্তারুজ্জামান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| সভার স্থান | : | রাশেদুল ইসলাম কনফারেন্স হল রুম। |
| সভার তারিখ ও সময় | : | ২৮/০২/২০২৩ খ্রি. সকাল ১১:০০ ঘটিকা। |

**সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক"**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির বিগত ০৯/০১/২০২৩ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী/সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। সভায় অফিসার-ইনচার্জ (তদন্ত), ত্রিশাল থানা জানুয়ারী/২০২৩ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং বিভিন্ন অপরাধ চিত্রের প্রতিবেদন উপস্থাপন করেন।

**জানুয়ারী/২০২৩ মাসের অপরাধ চিত্র**

| মাসের নাম | খুন | অপহরণ | ডাকাতি/ দস্যুতা/ চুরি | অগ্নি সংযোগ | এসিড নিক্ষেপ | নারী ও শিশু নির্যাতন | মাদক | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জানুয়ারী/২০২৩ | ০১ | ০১ | - | - | - | ০৩ | ০৭ | - | ১২ | ২৪ |
| জানুয়ারী/২০২২ | - | - | - | - | - | ০২ | ০৪ | - | ০৬ | ১২ |
| বিগত বছরের তুলনায় হ্রাস/বৃদ্ধি | বৃদ্ধি | বৃদ্ধি | - | - | - | বৃদ্ধি | বৃদ্ধি | - | বৃদ্ধি | বৃদ্ধি |

৩। **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত আলোচনা :**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সভায় জানান যে, ত্রিশাল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর সেবার মান বৃদ্ধি করার জন্য ডিজিটাল এক্সে মেশিন আনা প্রক্রিয়াধীন রয়েছে। সেবার মান বৃদ্ধি করার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এর সেবার মান বৃদ্ধির জন্য সকলের সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, ত্রিশাল।<br>২। সংশ্লিষ্ট সকল |
| জনাব মোঃ ইকবাল হোসেন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ, ত্রিশাল উপজেলা শাখা ত্রিশাল সভায় জানান আব্দুস সালাম চৌকিদার মানুষকে বিভিন্নভাবে ভয় দেখিয়ে মানুষের কাছ থেকে টাকা পয়সা আদায় করে এবং মানুষকে হয়রানি করে। বিভিন্ন মানুষের নাম ভাঙ্গিয়ে তিনি এসকল কাজ পরিচালনা করেন। তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | আব্দুস সালাম চৌকিদারের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল।<br>২। অফিসার ইন চার্জ, ত্রিশাল থানা। |
| জনাব আবুল কালাম মোঃ শামছুদ্দিন, সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, ত্রিশাল উপজেলা শাখা সভায় জানান বালি ভর্তি ট্রাক ত্রিপল দিয়ে না ঢাকার কারণে বালি মানুষের চখে মুখে যায়। এতে সাধারণ মানুষয়ের রাস্তা দিয়ে যাতায়াত করা খুবই বিপদজনক। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জনান। | বালি ভর্তি ট্রাক ত্রিপল দিয়ে না ঢাকার বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল<br>২। অফিসার ইনচার্জ, ত্রিশাল থানা। |

CS CamScanner

| | | |
|---|---|---|
| এছাড়া তিনি বর্তমান সরকারের উন্নয়নমূলক প্রকল্প তালিকা প্রদানের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানান। উপজেলা কৃষি কর্মকর্তাকে নিয়মিত মাঠপরিদর্শন করে কৃষকদেরকে চাঙ্গা করার জন্য সভায় অনুরোধ জানান। একইসাথে কৃষি প্রনোদনার বিষয়ে তৃণমূলের নেতা কর্মিদের সাথে পরামর্শক্রমে তালিকা প্রস্তুত করার জন্য অনুরোধ জানান। | বর্তমান সরকারের উন্নয়নমূলক প্রকল্প তালিকা প্রদান, উপজেলা কৃষি কর্মকর্তার নিয়মিত মাঠপরিদর্শন এবং কৃষি প্রনোদনার বিষয়ে তৃণমূলের নেতা কর্মিদের সাথে পরামর্শক্রমে তালিকা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, ত্রিশাল। |
| অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানা সভায় জানান বর্তমানে ত্রিশাল উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে। কোন সন্তান যদি বাবা মার ভরনপোষণ না করে থানায় অভিযোগ দিলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। গরু চুরি বন্ধের বিষয়ে কালির বাজার ও বালিপাড়া চৌরাস্তায় চেক পোস্ট বসানো হবে। সকলকে সচেতন হওয়ার অনুরোধ জানান। | গরু চুরি বন্ধের বিষয়ে সকলকে সচেতন হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা<br>২। ইউ,পি চেয়ারম্যান (সকল) |
| সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল সভায় জানান যে, মহিলা কলেজের আসেপাশের এরিয়ার জমি বিভিন্নভাবে বিআরএস রেকর্ডের বিরুদ্ধে মামলা মোকদ্দমা করে বিষয়টি জটিল করে ফেলেছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | ১৯৭০ সালের আইনের ধারায় স্থায়ী স্থাপনা উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), ত্রিশাল।<br>২। অফিসার-ইন-চার্জ, ত্রিশাল থানা |
| উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল সভায় জানান আব্দুস সালাম চৌকিদারের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হচ্ছে। ফৌজদারী কোন বিষয় থাকলে ত্রিশাল থানার সম্মুখিন হতে হবে। বালি ভর্তি খোলা ট্রাকে মোবাইল কোর্ট করা হবে। সকল বিভাগীয় কর্মকর্তাগণকে নিজ নিজ উন্নয়ন প্রকল্প তালিকা ওয়েবসাইটে প্রদানের জন্য অনুরোধ জানান। যানজট নিরসনে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে। | সালাম চৌকিদারের ফৌজদারী কোন বিষয় থাকলে ত্রিশাল থানার সম্মুখিন হওয়া, বালি ভর্তি খোলা ট্রাকে মোবাইল কোর্ট করা এবং নিজ নিজ উন্নয়ন প্রকল্প তালিকা ওয়েবসাইটে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল।<br>২। বিভাগী কর্মকর্তা (সকল), ত্রিশাল।<br>৩। অফিসার ইনচার্জ, ত্রিশাল থানা |
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল বলেন অতীতের সভার চেয়ে আজকের সভাটি অনেক বেশী ফলপ্রসূ হয়েছে। চকরামপুর মাদরাসার প্রিন্সিপাল পুলিশের হাতে গ্রেফতার হলেও জামিনে এসে আবার স্ব-পদে বহাল রয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | চকরামপুর মাদরাসার প্রিন্সিপাল এর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, ত্রিশাল থানা।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল |

অতঃপর সভাপতি ত্রিশাল উপজেলা আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সন্ত্রাস, নাশকতা, যানজট, বাল্য বিবাহ, মাদকমুক্তসহ সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার অনরোধ জানিয়ে উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৩.০০২.২৩-১৮৬ তারিখ: ২৮/০২/২০২৩ খ্রি.

**বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে :**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। উপ-সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।

CamScanner

**বিতরণ কার্যার্থে :**

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
২। মেয়র, ত্রিশাল পৌরসভা, ত্রিশাল, ময়মনসিংহ।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৪। অফিসার-ইনচার্জ, ত্রিশাল থানা, ত্রিশাল, ময়মনসিংহ।
৫। উপজেলা ..................................অফিসার, ত্রিশাল।
৬। চেয়ারম্যান,................................................ ইউপি, ত্রিশাল।
৭। জনাব, ............................................................ত্রিশাল।

উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।